

Question Type-01: পর্যায় সারণি

পর্যায় সারণিতে কোন শ্রেণিতে কোন মৌল থাকে

নাম	সংখ্যা	অবস্থান	মৌল
(i) ক্ষার ধাতু	6	IA	Li, Na, K, Rb, Cs, Fr
(ii) মৃৎক্ষার ধাতু	6	IIA	Be, Mg, Ca, Sr, Ba, Ra
(iii) মুদ্রা ধাতু	3	IB	Cu, Ag, Au
(iv) Zn-গোষ্ঠীর ধাতু	3	IIB	Zn, Cd, Hg
(v) Fe-গোষ্ঠীর ধাতু	9	VIII	Fe, Co, Ni, Ru, Rh, Pd, Os, Pt
(vi) হ্যালোজেন	4	VIIA	F, Cl, Br, I
(vii) নিষ্ক্রিয় মৌল	6	0	He, Ne, Ar, Kr, Xe, Rn
(viii) বিরল মৃত্তিকা মৌল	15	La সিরিজ	মোট 15 টি
(ix) চ্যালকোজেন	5	VIA	O, S, Se, Te, Po

Importance Information

- (i) সবচেয়ে হালকা ধাতু: লিথিয়াম (Li)
(ii) তরল অধাতু: Br
(iii) সবচেয়ে হালকা মৌল: হাইড্রোজেন (H)
(iv) সবচেয়ে ভারী তরল: Hg
(v) সবচেয়ে ভারী ধাতু: অসমিয়াম (Os)
(vi) তেজস্ক্রিয় ধাতু: Ba সবচেয়ে মূল্যবান ধাতু: ক্যালিফোর্নিয়াম (Cf)
(vii) সবচেয়ে তড়িৎ ধনাত্মক গ্রুপ: IA
(viii) ঘাতসহ ধাতু: স্বর্ণ (Au)
(ix) সবচেয়ে তড়িৎ ঋণাত্মক গ্রুপ: VIIA
(x) সবচেয়ে নমনীয় ধাতু: প্লাটিনাম (Pt)
(xi) সবচেয়ে তড়িৎ ধনাত্মক মৌল: Fr
(xii) সবচেয়ে উচ্চ গলনাঙ্ক বিশিষ্ট ধাতু: টাংস্টেন (W)
(xiii) সবচেয়ে তড়িৎ ঋণাত্মক মৌল: F
(xiv) সবচেয়ে নিম্ন গলনাঙ্ক বিশিষ্ট ধাতু: লেড (Pb)

পর্যায় সারণির বিশেষ তথ্য

পর্যায়	পর্যায় আরম্ভ	পর্যায় শেষ	মৌলের সংখ্যা	পর্যায়ের নাম	মন্তব্য
1	${}_1\text{H}$	${}_2\text{He}$	2	অতিসংক্ষিপ্ত	-
2	${}_3\text{Li}$	${}_{10}\text{Ne}$	8	সংক্ষিপ্ত	আদর্শ পর্যায়
3	${}_{11}\text{Na}$	${}_{18}\text{Ar}$	8	সংক্ষিপ্ত	আদর্শ পর্যায়
4	${}_{19}\text{K}$	${}_{36}\text{Kr}$	18	দীর্ঘ পর্যায়	-
5	${}_{37}\text{Rb}$	${}_{54}\text{Xe}$	18	দীর্ঘ পর্যায়	-
6	${}_{55}\text{Cs}$	${}_{86}\text{Rn}$	32	অতি দীর্ঘ পর্যায়	রাস্কুসে পর্যায়
7	${}_{87}\text{Fr}$	${}_{118}\text{Og}$	32	অতি দীর্ঘ পর্যায়	তেজস্ক্রিয় পর্যায়





- # তরল ধাতু- Fr, Ga, Hg, Cs
 # মৃৎক্ষার ধাতু- Be, Mg, Ca, Sr, Ba
 ♦ সবচেয়ে বিষাক্ত মৌল- Pu
 ♦ উপধাতু: Ge, Si, As, Sb, Te, B
 ♦ মুদ্রা ধাতু, Cu, Ag, Au
 ♦ নিকৃষ্ট ধাতু: Fe, Cu
 ♦ ট্রান্স ইউরেনিয়াম মৌল- (93-103) পর্যন্ত।
 ♦ পর্যায় সারণীকে রসায়নের মানচিত্র বলে।
 ♦ প্রতিটি পর্যায় ক্ষার ধাতু দিয়ে শুরু ও নিষ্ক্রিয় গ্যাস দিয়ে শেষ।
 ♦ প্রকৃতিতে মোট ৯৪ টি মৌল বিদ্যমান। ২৪ মৌল কৃত্রিম ভাবে সৃষ্টি করা হয়।
 ♦ চুম্বক ধাতু-Fe, Co, Ni, Ru, Rh, Pd, Pt
 ♦ গ্রুপ IA ক্ষার ধাতু, IIA মৃৎক্ষার ধাতু, VIA চ্যালকোজেন, VIIA হ্যালোজেন, IVA, VA, অপধাতু, IB মুদ্রাধাতু, VIII চুম্বক ধাতু এবং 0 গ্রুপ নিষ্ক্রিয় গ্যাস নামে পরিচিত।
- ♦ নিকৃষ্ট ধাতু- Hg, Pb, Sn
 ♦ হ্যালোজেন-F, Cl, Br, I
 ♦ ল্যান্থানাইড সিরিজ সদস্য- 15 টি
 ♦ ট্রান্স ইউরেনিয়াম মৌল- IIIB গ্রুপে অবস্থিত।
 ♦ Zn, Sc অবস্থান্তর ধাতু নয়।
 ♦ প্রতিক্রমী মৌলের সংখ্যা- 40 টি
 ♦ ল্যান্থানাইড সিরিজ মৌলকে বিরল মৃত্তিকা ধাতু বলে।
 ♦ f-ব্লক মৌলসমূহকে অন্তঃঅবস্থান্তর মৌল বলে।

বিভিন্ন ধরনের মৌলের সাধারণ ইলেকট্রন বিন্যাস:

- (i) ক্ষারধাতু $\rightarrow ns^1$
 (ii) মৃৎক্ষার ধাতু $\rightarrow ns^2$
 (iii) হ্যালোজেন $\rightarrow ns^2 np^5$
 (iv) চ্যালকোজেন $\rightarrow ns^2 np^4$
 (v) মুদ্রা ধাতু $\rightarrow (n-1)d^{10} ns^{1-2}$
 (vi) চুম্বক ধাতু $\rightarrow (n-1)d^{6-8} ns^2$
 (vii) আদর্শ বা প্রতিনিধিত্ব মৌল $\rightarrow ns^1-2 / ns^2 np^1-6$
 (viii) অবস্থান্তর মৌল $\rightarrow (n-1)d^{1-9} ns^{1-2}$
 (ix) নিষ্ক্রিয় গ্যাস $\rightarrow ns^2 np^6$ (He ব্যতীত)
 (xi) অন্তঃঅবস্থান্তর মৌল $\rightarrow (n-2)f^{1-13}$

Related Questions:

01. সবচেয়ে হালকা ধাতু কোনটি? [Ans: a] [JU'20-21]
 (a) লিথিয়াম (b) পটাশিয়াম (c) পারদ (d) প্লাটিনাম
02. কোন নিষ্ক্রিয় গ্যাসটি p-ব্লক মৌল নয়? [Ans: a] [JU'20-21]
 (a) He (b) Ne (c) Ar (d) Kr
03. নিচের কোন গ্যাসটি অপেক্ষাকৃত নিষ্ক্রিয়? [Ans: b] [RU'20-21]
 (a) O₂ (b) N₂ (c) Cl₂ (d) F₂
04. প্রথম ট্রানজিশন ধাতু সিরিজের একটি ধাতু হতে প্রাপ্ত একটি M³⁺ আয়নে পাঁচটি ইলেকট্রন 3d সাবশেলে অবস্থিত। M³⁺ আয়নটি কী হতে পারে? [DU'18-19]
 (a) Cr³⁺ (b) Mn³⁺ (c) Fe³⁺ (d) Sc³⁺
 সমাধান: (c); Fe³⁺ = [Ar] 3d⁵ 4s⁰
05. নিম্নের কোন মৌলটি ভূ-স্তরে সবচেয়ে বেশি বিদ্যমান? [CU'18-19]
 (a) অক্সিজেন (b) আয়রন (c) সিলিকন (d) এলুমিনিয়াম
 সমাধান: (a); O(46%), Si(27%), Al(8%), Fe(3%)
06. নিম্নের কোন মৌলটি সবচেয়ে বেশি সমযোজী বন্ধন সৃষ্টির প্রবণতা দেখায়? [Ans: a][CU'18-19]
 (a) Si (b) Al (c) Cl (d) N
07. সবচেয়ে বেশি তড়িৎ ধনাত্মক মৌল কোনটি? [Ans: b][CU'17-18]
 (a) Al (b) K (c) Mg (d) Ca





08. পর্যায় সারণির কোন গ্রুপগুলোতে ধাতু ও অধাতু উভয়ই থাকে? [Ans: c] [RU'16-17]
 (a) IA, IIA, IIIA, IVA (b) IIA, IIIA, IVA, VA (c) IIIA, IVA, VA, VIA (d) IIA, IVA, VA, VIIA
 সমাধান: IA এবং IIA গ্রুপগুলোর সব মৌলই ধাতু।
09. পর্যায় সারণিতে সম্প্রতি সংযুক্ত নতুন মৌলগুলির পারমাণবিক সংখ্যা হলো----। [Ans: d][CU'16-17]
 (a) 112, 113, 114, 116 (b) 112, 114, 115, 117 (c) 114, 115, 117, 118 (d) 113, 115, 117, 118
10. পর্যায় সারণিতে f- ব্লকে সর্বমোট কতটি মৌল আছে? [JU'15-16]
 (a) 20 (b) 25 (c) 30 (d) কোনটিই নয়
 সমাধান: (d); f ব্লকে সর্বমোট 27 টি মৌল বিদ্যমান কারণ, ^{57}La , ^{89}Ac , ^{90}Th এ তিনটি মৌল d ব্লকের মৌল, f ব্লকের নয়।
11. ^{79}Au একটি— [Ans.: d][CU'15-16]
 (a) s – block মৌল (b) p – block মৌল (c) f – block মৌল (d) d – block মৌল
12. আধুনিক দীর্ঘ পর্যায় সারণীতে যথাক্রমে কতটি পর্যায় ও শ্রেণি আছে? [RU'14-15]
 (a) 8 ও 8 (b) 7 ও 8 (c) 7 ও 16 (d) 16 ও 7
 সমাধান: (No answer); 7 টি পর্যায় 18 টি শ্রেণি।
13. কোনটি এ্যাক্টিনাইড সিরিজের মৌল নয়? [Ans: d][JU'14-15]
 (a) Cf (b) No (c) Lr (d) Er
14. কক্ষ তাপমাত্রায় কোনটি তরল অবস্থায় থাকে? [Ans: b][JU'14-15]
 (a) I_2 (b) Hg (c) H_2 (d) N_2
15. সবচেয়ে ভারী কোনটি? [Ans: a][JU'14-15]
 (a) Osmium (b) Mercury (c) Iron (d) Nickel
16. মুদ্রাধাতু বলা হয় কোন গ্রুপের মৌলসমূহকে? [Ans: a][RU'06-07,07-08,08-09,JU'14-15]
 (a) IB (b) IA (c) VIIA (d) IIA
17. Cr(24) এর সঠিক ইলেকট্রন বিন্যাস কোনটি? [Ans: b][CU'12-13,JU'14-15]
 (a) $[\text{Ar}]4s^2 3d^4$ (b) $[\text{Ar}]4s^1 3d^5$ (c) $[\text{Ar}]4s^0 3d^6$ (d) None
18. কোনটি অ্যাক্টিনাইড সিরিজের সদস্য? [Ans: d][RU'07-08,JU'14-15]
 (a) Zr (b) Tl (c) Nd (d) Lr
19. $[\text{Ar}]4d^1 5s^2$ ইলেকট্রন বিন্যাস বিশিষ্ট মৌলটি কোন শ্রেণিভুক্ত? [Ans: b][CU'14-15]
 (a) ক্ষারধাতু (b) অবস্থান্তর মৌল (c) নিষ্ক্রিয় গ্যাস (d) আন্তঃঅবস্থান্তর মৌল
20. 'মুদ্রাধাতু' নামে পরিচিত— [Ans: c][KU'14-15]
 (a) Cu, Ag, Ni (b) Cu, Au, Cr (c) Ag, Cu, Au (d) Au, Al, Ag
21. নিচের কোন অধাতুটি (Non-metal) সাধারণ তাপমাত্রায় কঠিন অবস্থায় থাকে? [Ans: a][JnU'13-14]
 (a) আয়োডিন (b) ফ্লোরিন (c) ক্লোরিন (d) ব্রোমিন
22. নিচের কোনটি অবস্থান্তর ধাতু? [Ans: c][CU'13-14]
 (a) Zn (b) Ba (c) Ti (d) Pb

Question Type-02: s, p, d, f-ব্লক মৌলের সাধারণ ধর্ম, কর্ণ-সম্পর্ক

ইলেকট্রনীয় কাঠামোর উপর ভিত্তি করে মৌলসমূহকে 4 টি শ্রেণিতে ভাগ করা হয়েছে। যথা—

- (i) s-ব্লক মৌল: এদের পরমাণুর সর্ববহিস্থ s-অরবিটালে ইলেকট্রন প্রবেশ করে। পর্যায় সারণির গ্রুপ IA ও IIA এর মৌল 13 টি এবং He সহ মোট 14 টি মৌল s-ব্লক মৌল। এদের পরমাণুর বহিঃস্তর s^1 বা s^2 । s^1 কাঠামোগুলোকে (H ব্যতীত)। এদের ক্ষার ধাতু বলে। s^2 কাঠামোগুলো Mg ও Ca কে মৃত্তিকায় পাওয়া যায় বলে এদের মৃৎক্ষার ধাতু বলে।





(ii) **p-ব্লক মৌল:** এদের ইলেকট্রন বিন্যাসে সর্বশেষ ইলেকট্রনটি p-অরবিটালে যায়। পর্যায় সারণির গ্রুপ IIA, IVA, VA, VIA ও VIIA এবং O গ্রুপের He ব্যতীত 36 টি মৌল এ গ্রুপভুক্ত। এ গ্রুপের কিছু মৌল অপধাতু ও কিছু মৌলকে মৃদু ধাতু বলে [B, Si, Ge, Sb, As, Te অপধাতু]

(iii) **d-ব্লক মৌল:** এদের ইলেকট্রন বিন্যাস সর্বশেষ ইলেকট্রনটি d-অরবিটালে প্রবেশ করে। সাধারণত পর্যায় সারণির B উপশ্রেণীর 41 টি মৌল d-ব্লকে আছে।

যেসব d-ব্লক মৌলের অন্তত একটি স্থায়ী আয়ন গঠন করে, যার ইলেকট্রন বিন্যাসের d-অরবিটাল আংশিকভাবে পূর্ণ থাকে, তাদের অবস্থান্তর মৌল বলে।

♦ IIB উপশ্রেণীর Zn, Cd, Hg অবস্থান্তর ধাতু নয়।

♦ এদের বিশেষ ধর্ম হল এর জটিল যৌগ গঠন করে।

অবস্থান্তর মৌল (Transition Element): যেসব মৌলের স্থিতিশীল আয়নের $(n-1)d^{1-9}$ ইলেকট্রন থাকে তাদেরকে অবস্থান্তর মৌল বলে।

অবস্থান্তর মৌলের বিশেষ ধর্ম:

(i) এদের পরিবর্তনশীল যোজ্যতা থাকে।

(ii) রঙিন যৌগ গঠন করে।

(iii) জটিল যৌগ গঠন করে।

(iv) প্যারা চুম্বকত্ব প্রদর্শন করে।

(v) প্রভাবকরূপে কাজ করে।

অবস্থান্তর ধাতুসমূহের আয়নের বর্ণ

ধাতব আয়ন	বর্ণ	ইলেকট্রন বিন্যাস
Sc ³⁺	বর্ণহীন	[Ar]
Ti ³⁺	রক্তবর্ণ/বেগুনী	[Ar]3d ¹
V ³⁺	সবুজ	[Ar]3d ²
Cr ³⁺	হালকা সবুজ	[Ar]3d ³
Mn ³⁺	বেগুনী	[Ar]3d ⁴
Mn ²⁺	হালকা গোলাপী/বর্ণহীন	[Ar]3d ⁵
Fe ³⁺	হালকা বাদামী	[Ar]3d ⁵
Fe ²⁺	সবুজ	[Ar]3d ⁶
Co ²⁺	গোলাপী	[Ar]3d ⁷
Ni ³⁺	সবুজ	[Ar]3d ⁸
Cu ²⁺	নীল	[Ar]3d ⁹
Zn ²⁺	বর্ণহীন	[Ar]3d ¹⁰

ডায়াম্যাগনেটিক ও প্যারাম্যাগনেটিক মৌল/যৌগ:

p-ব্লক মৌল ও যৌগসমূহ সাধারণত চৌম্বকীয় ধর্ম প্রদর্শন করে। দুটি p অরবিটালে 2, 6 বা 10 টি ইলেকট্রন থাকলে ডায়াম্যাগনেটিক হবে। কিন্তু দুটি p-অরবিটালে 3, 4, 5, 7, 8, 9 টি ইলেকট্রন থাকলে প্যারাম্যাগনেটিক হবে।

ডায়াম্যাগনেটিক: N₂, O₂²⁻, F₂, NO⁺, CO, O₂²⁺, CN⁻, N₂ এর জন্য p-অরবিটালে = (3+3)=6 টি e⁻ আছে বলে এটি ডায়াম্যাগনেটিক।

প্যারাম্যাগনেটিক: N₂⁺, O₂, O₂⁺, NO, NO⁻, N₂⁺ এর জন্য p অরবিটালে = (3+2)=5 টি e⁻ আছে বলে এটি প্যারাম্যাগনেটিক।





- (iv) f-ব্লক মৌল: এদের ইলেকট্রন বিন্যাসে সর্বশেষ ইলেকট্রনটি f-অরবিটালে যায়। পর্যায় সারণির ল্যান্থানামের পরবর্তী 13 টি মৌল এবং অ্যাটিনিয়াম ও থোরিয়ামের পরবর্তী 13 টি মৌল। মোট 27 টি f-ব্লকের অন্তর্ভুক্ত। এদের আন্তঃঅবস্থান্তর মৌল বলে। ল্যান্থানাইড সারিকে বিরল মৃত্তিকা ধাতু বলে।

কর্ণ সম্পর্ক

পর্যায় সারণিতে একটি মৌলের ধর্ম তার পরবর্তী পর্যায়ে এবং পরবর্তী গ্রুপে কোনাকুণিভাবে অবস্থিত মৌলের ধর্মের সাথে যথেষ্ট সাদৃশ্যপূর্ণ। দুটি মৌলের এ ধরনের সম্পর্ককে কর্ণ সম্পর্ক বলে। যেমন: গ্রুপ-IA ও পর্যায়-2 এর মৌল Li এর সাথে গ্রুপ-II এবং পর্যায়-3 এর মৌল Mg এর যথেষ্ট সাদৃশ্য বিদ্যমান। একইভাবে Be ও Al এবং B ও Si এর ধর্ম সাদৃশ্যপূর্ণ।

মৌলের পর্যায় নির্ণয়: মৌলের সর্বাধিক কোয়ান্টাম সংখ্যা (n) তার পর্যায় নির্দেশ করে।

মৌলের গ্রুপ নির্ণয়: s-ব্লক মৌলগুলোর ক্ষেত্রে গ্রুপ সংখ্যা = সর্ববহিঃস্থ শক্তিস্তরে ইলেকট্রন সংখ্যা [সাবগ্রুপ A]

p-ব্লক মৌলগুলোর ক্ষেত্রে গ্রুপ সংখ্যা = 10 + সর্ববহিঃস্থ শক্তিস্তরে ইলেকট্রন সংখ্যা (ns এবং np এর e⁻ এর যোগফল) [সাবগ্রুপ A] [যোগফল আট হলে তা শূণ্য গ্রুপের মৌল]

d-ব্লক মৌলগুলোর ক্ষেত্রে গ্রুপ সংখ্যা = (n-1) d + ns উপস্তরে মোট ইলেকট্রনের সংখ্যা [যোগফল 8, 9, 10 হলে Group VIII এবং 11, 12 হলে Group IB ও Group IIB হবে] [সাবগ্রুপ B]

f-ব্লক মৌলগুলোর ক্ষেত্রে গ্রুপ সংখ্যা = IIIB

Related Questions:





01. কোন অবস্থান্তর মৌল পরিবর্তনশীল জারণ অবস্থা প্রদর্শন করে না? [Ans: d] [RU'20-21]
 (a) Cu (b) Hg (c) Ni (d) Zn
02. s-ব্লকের মৌল সংখ্যা কয়টি? [Ans: a] [JU'19-20]
 (a) 14 (b) 36 (c) 41 (d) 27
03. অবস্থান্তর মৌলসমূহব্লকের মৌল। [Ans: c] [JU'19-20]
 (a) s (b) p (c) d (d) f
04. Fe(III) আয়নের ম্যাগনেটিক মোমেন্ট কত BM? [SUST'19-20]
 (a) 2.45 (b) 2.24 (c) 3.32 (d) 5.0 (e) 5.48
 সমাধান: (e); $\mu(\text{Fe}^{3+}) = \sqrt{n(n+2)} = \sqrt{5(5+2)} = 5.916\text{BM}$ [n = অযুগ্ম e⁻ সংখ্যা = 5টি]
 নোট: সঠিক উত্তর 5.916, যা option 'e' এর সর্বনিকট।
05. কোনটি অবস্থান্তর মৌল নয়? [Ans: a] [JU'18-19]
 (a) Sb (b) Cr (c) Mn (d) Ni
06. কেরোসিনের নিচে রাখা হয়- [Ans: a] [JU'17-18]
 (i) সোডিয়াম (ii) পটাসিয়াম (iii) হাইড্রোকার্বন
 নিচের কোনটি সঠিক?
 (a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii
07. নিচের কোন আয়নটি রঙিন যৌগ গঠন করে? [Ans: d] [JU'17-18]
 (a) Sc³⁺ (b) Hg²⁺ (c) Zn²⁺ (d) Ni²⁺
08. Cr পরমাণুতে কয়টি অযুগ্ম ইলেকট্রন থাকে? [Ans: c] [RU'09-10, JU'17-18]
 (a) 5 (b) 4 (c) 6 (d) 3
09. নিচের কোনটি ডায়াম্যাগনেটিক? [Ans: c] [KU'14-15]
 (a) Ti(-3d²) (b) Fe(-3d⁶) (c) Zn(-3d¹⁰) (d) Ni(-3d⁸)





Written

01. হুন্ডের নিয়ম (Hund's rule) লিখ। হুন্ডের নিয়ম প্রয়োগ করে N, S, Fe পরমাণুগুলোর ইলেকট্রন বিন্যাস দেখাও। [JnU'18-19]
সমাধান: হুন্ডের নিয়ম: সমশক্তিসম্পন্ন অরবিটালগুলোতে ইলেকট্রনের প্রবেশের সময় যতক্ষণ পর্যন্ত অরবিটাল খালি থাকবে ততক্ষণ পর্যন্ত ইলেকট্রনগুলো অযুগ্মভাবে অরবিটালে প্রবেশ করবে এবং এ অযুগ্ম ইলেকট্রনগুলোর স্পিন একমুখী হবে।



Question Type-03: পর্যায়বৃত্তধর্মঃ গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক, পারমাণবিক আকার-ব্যাসার্ধ, আয়নিকরণ শক্তি, ইলেকট্রন আসক্তি, তড়িৎ ঋণাত্মকতা, ধাতব ও অধাতব ধর্ম

পর্যায়বৃত্ত ধর্মসমূহ (Periodic Properties):

- (১) গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক
- (২) পারমাণবিক আকার
- (৩) যোজ্যতা
- (৪) আয়নিকরণ শক্তি
- (৫) ইলেকট্রন আসক্তি
- (৬) তড়িৎ ঋণাত্মকতা
- (৭) ধাতব ধর্ম।

মৌলের পর্যায়বৃত্ত ধর্মঃ

ধর্মসমূহ	একই পর্যায়ে বাম থেকে ডানে	একই গ্রুপে উপর থেকে নিচে
তড়িৎ ঋণাত্মকতা	বাড়ে	কমে
আয়নিকরণ শক্তি	বাড়ে	কমে
ইলেকট্রন আসক্তি	বাড়ে	কমে
অধাতব বৈশিষ্ট্য	বাড়ে	কমে
ধাতব বৈশিষ্ট্য	কমে	বাড়ে
পরমাণুর আকার	কমে	বাড়ে
পারমাণবিক ব্যাসার্ধ	কমে	বাড়ে
কক্ষপথের সংখ্যা	পরিবর্তন নেই	বাড়ে
সর্ববহিঃস্থ ইলেকট্রন হতে নিউক্লিয়াসের দূরত্ব	কমে	বাড়ে

তড়িৎ ঋণাত্মকতা (Electronegativity):

কোন অণুতে উপস্থিত দুটি পরমাণুর মধ্যে শেয়ারকৃত ইলেকট্রন যুগলকে একটি পরমাণুর নিজের দিকে আকর্ষণ করার ক্ষমতাকে ঐ পরমাণু বা মৌলের তড়িৎ ঋণাত্মকতা বলে।

মৌলের নাম	F	Cl	Br	O	N	C	S
তড়িৎ ঋণাত্মকতা	4.0	3.0	2.8	3.5	3.0	2.5	2.5



**Related Questions:**

01. কোনটি সর্বাধিক তড়িৎ ঋণাত্মকতা নির্দেশ করে? [GST'20-21]
 (a) $1s^2 2s^2 2p^5$ (b) $1s^2 2s^2 2p^6 3s^1$ (c) $1s^2 2s^2 2p^4$ (d) $1s^2 2s^2 2p^6 3s^2 2p^5$
 সমাধান: (a); $1s^2 2s^2 2p^5$ ফ্লোরিন নির্দেশ করে। এটি সর্বাধিক তড়িৎ ঋণাত্মক মৌল।
02. কোন গ্রুপের মৌলসমূহের ইলেকট্রন আসক্তি ও আয়নীকরণ শক্তি সবচেয়ে বেশি? [Ans: d][JU'19-20]
 (a) গ্রুপ 12, 13 (b) গ্রুপ 13, 14 (c) গ্রুপ 15, 16 (d) গ্রুপ 16, 17
03. কোনটি হ্যালোজেনসমূহের তড়িৎ ঋণাত্মকতার ক্রম? [Ans: a][JU'19-20]
 (a) $F > Cl > Br > I$ (b) $I > Br > Cl > F$ (c) $Br > Cl > F > I$ (d) কোনটিই নয়
04. নিম্নোক্ত কোন বিক্রিয়াটি সঠিক নয়? [Ans: d][RU'19-20]
 (a) $MnO_2 + 4HCl \rightarrow MnCl_2 + Cl_2 + 2H_2O$
 (b) $8NH_3 + 3Cl_2 \rightarrow 6NH_4Cl + N_2$
 (c) $2NaOH + Cl_2 \rightarrow 2NaCl + H_2 + O_2$
 (d) $2Ca(OH)_2 + 2Cl_2 \rightarrow Ca(OH)_2 + CaCl_2 + 2H_2O$
05. ক্যালসিয়াম হাইড্রাইড অতিরিক্ত পানির সাথে বিক্রিয়া করে উৎপন্ন করে- [Ans: d][RU'19-20]
 (a) CaO এবং H_2 (b) $Ca(OH)_2$ এবং O_2 (c) $Ca(OH)_2$ (d) $Ca(OH)_2$ এবং H_2
06. C, O, Ne ও F এর তড়িৎ ঋণাত্মকতার সঠিক ক্রম কোনটি? [RU'19-20]
 (a) $F > O > C > Ne$ (b) $Ne > F > O > C$ (c) $O > F > C > Ne$ (d) $F > C > O > Ne$
 সমাধান: (a); Ne নিষ্ক্রিয় গ্যাস। তাই তড়িৎ ঋণাত্মকতার মান '0'।
 অন্যগুলো একই পর্যায়ে, তাই ক্রম হবে $F > O > C > Ne$ ।
07. ইলেকট্রন আসক্তির সঠিক ক্রম কোনটি? [Ans: b][RU'17-18,BAU'18-19,KU'19-20,Agri. Gucho'19-20]
 (a) $F > Cl > Br > I$ (b) $Cl > F > Br > I$ (c) $F > Cl > I > Br$ (d) $I > Br > Cl > F$
08. Li এবং Ne এর মধ্যবর্তী একটি মৌলের ১ম সাতটি আয়নিকরণ শক্তিসমূহ হলো: 1310, 3390, 5320, 7450, 11000, 13300, 71000 $kJ\ mol^{-1}$ । মৌলটির পরমাণুর যোজ্যতা শেলের ইলেকট্রন বিন্যাস কী? [DU'18-19]
 (a) $2s^2$ (b) $2s^2 2p^1$ (c) $2s^2 2p^4$ (d) $2s^2 2p^6$
 সমাধান: (c); a ও b হবে না কারণ তাতে 7 টি e^- নেই, আর d তো নিজেই Ne। তাই উত্তর c হতে বাধ্য।
09. কোন লবণ গাঢ় সালফিউরিক এসিডের সাথে বিক্রিয়া করে সালফার তৈরি করে? [DU'18-19]
 (a) NaF (b) NaCl (c) NaBr (d) NaI
 সমাধান: (d); গাঢ় H_2SO_4 হলো শক্তি শালী জারক। তাই গাঢ় H_2SO_4 থেকে S পরিণত করতে শক্তিশালী বিজারক প্রয়োজন।
 বিজারণ ক্ষমতার ক্রম অনুসারে $NaI > NaBr > NaCl > NaF$ । তাই NaI হবে।
10. ব্যাসার্ধের সঠিক ক্রম কোনটি? [DU'18-19]
 (a) $Mg^{2+} < Na^+ < Ne$ (b) $Mg^{2+} < Ne < Na^+$ (c) $Na^+ < Mg^{2+} < Ne$ (d) $Mg^{2+} > Na^+ > Ne$
 সমাধান: (a); তিনটির e^- সমান হলেও যার চার্জ বেশি, আকার তার ছোট।
11. নিম্নের কোন যৌগের স্কুটনাঙ্ক সবচেয়ে বেশি? [DU'18-19]
 (a) CH_4 (b) NH_3 (c) PH_3 (d) H_2S
 সমাধান: (b); H-bond
12. কোনটি তড়িৎ ঋণাত্মক মৌল নয়? [Ans: d][JU'18-19]
 (a) N_2 (b) S (c) F (d) Mo





13. Rb ও Cs পরমাণুদ্বয়ের আয়নিকরণ শক্তি যথাক্রমে 403 kJmol^{-1} এবং 376 kJmol^{-1} । Rb এর তুলনায় Cs এর পারমাণবিক ব্যাস- [Ans: b][KU'18-19]
 (a) ছোট (b) বড় (c) সমান (d) অতুলনীয়
14. সালফার মৌলের পারমাণবিক ব্যাসার্ধ কত? [Ans: a][BAU'18-19]
 (a) 104 pm (b) 110 pm (c) 117 pm (d) 125 pm
15. কোন মৌলটির ইলেকট্রন আসক্তি সবচেয়ে বেশি? [Ans: b][BAU'18-19]
 (a) N (b) Cl (c) O (d) F
16. নিম্নের কোনটি NaCl এর গলনাংক? [Ans: b][BAU'18-19]
 (a) 776°C (b) 801°C (c) 826°C (d) 862°C
17. গ্যাসীয় অবস্থায় এক মোল পরমাণুতে এক মোল ইলেকট্রন যোগ করলে যে শক্তির পরিবর্তন হয় তা হলো- [Ans: c][DU'17-18]
 (a) ইলেকট্রনেগেটিভিটি (b) ২য় ইলেকট্রনের আসক্তি (c) ১ম ইলেকট্রনের আসক্তি (d) ১ম আয়নিকরণ শক্তি
18. নিম্নের কোন আয়নের ক্ষেত্রে দ্বিতীয় আয়নিকরণ শক্তি সর্বোচ্চ? [Ans: b][JnU'17-18]
 (a) Na^+ (b) Li^+ (c) K^+ (d) Rb^+
19. আয়নিকরণ শক্তির সঠিক ক্রম- [Ans: b][RU'17-18]
 (a) $\text{N} > \text{O} > \text{F} > \text{Ne}$ (b) $\text{Ne} > \text{F} > \text{N} > \text{O}$ (c) $\text{O} > \text{F} > \text{N} > \text{Ne}$ (d) $\text{Ne} > \text{F} > \text{O} > \text{N}$
20. পর্যায় সারণীর কোন গ্রুপের মৌলসমূহের ইলেকট্রন আসক্তি সর্বাপেক্ষা বেশি? [Ans: c][RU'17-18]
 (a) ক্ষারধাতু (b) ক্ষারক (c) হ্যালোজেন (d) নিষ্ক্রিয় মৌল
21. কোনটি পর্যায় ধর্ম নয়? [CU'15-16, DU'16-17]
 (a) Atomic radius (b) Electronegativity (c) Electron affinity (d) Melting temperature
 সমাধান: (d); গলনাঙ্ক অনিয়মিতভাবে পরিবর্তন হয়।
22. আয়নিকরণ বিভবের মান কোন মৌলের ক্ষেত্রে সর্বনিম্ন? [Ans: a][RU'16-17]
 (a) K (b) Na (c) Cl (d) Ne
23. নিম্নের কোন মৌলটির আয়নিকরণ শক্তি সবচেয়ে বেশি? [DU'15-16]
 (a) Na (b) K (c) Rb (d) Cs
 সমাধান: (a); একই গ্রুপের মৌলগুলোর মধ্যে যার অবস্থান পর্যায় সারণিতে সবচেয়ে উপরে তার আয়নিকরণ শক্তি সবচেয়ে বেশি।
24. নিম্নের ইলেকট্রন বিন্যাসের কোনটির পারমাণবিক ব্যাসার্ধ (atomic radius) সবচেয়ে বেশি? [JnU'15-16]
 (a) $1s^2 2s^2 2p^1$ (b) $1s^2 2s^2$ (c) $1s^2 2s^1$ (d) $1s^2 2s^2 2p^2$
 সমাধান: (c); একই পর্যায়ে ইলেকট্রন সংখ্যা তথা পারমাণবিক সংখ্যা কম হলে পারমাণবিক ব্যাসার্ধ বেশি হয়।
25. নিম্নের কোনটির স্ফুটনাংক সবচেয়ে বেশি? [Ans: a][CU'15-16]
 (a) HF (b) HCl (c) HBr (d) HI (e) H_2
26. নিম্নের 2% (W/V) জলীয় দ্রবণগুলোর কোনটির স্ফুটনাংক সবচেয়ে বেশি? [DU'14-15]
 (a) NaCl (b) KCl (c) RbCl (d) NaBr
 সমাধান: (c); Rb এর পোলারায়ন ক্ষমতা বাম বিধায় Rb এর আয়নিক ধর্ম বেশি ও স্ফুটনাঙ্ক বেশি।
27. কোন মৌলের পরমাণুর আয়নিকরণ শক্তি সবচেয়ে বেশি? [RU'14-15, CU'14-15]
 (a) C (b) B (c) N (d) O
 সমাধান: (c); N এর অধপূর্ণ P অরবিটাল রয়েছে। যা O তুলনায় অধিক স্থিতিশীল।
28. একটি তরল পদার্থকে উত্তপ্ত করলে সেটি তখনই ফুটে আরম্ভ করে, যখন- [Ans: b][CU'13-14]
 (a) তরলের উষ্ণতা বায়ুমণ্ডলীয় উষ্ণতাকে অতিক্রম করে (b) তরলের বাষ্পীয় চাপ বায়ুমণ্ডলীয় চাপের সমান হয়
 (c) তরলের আয়তন বৃদ্ধি পায় (d) তরলের উপর বায়ুর বেগ বৃদ্ধি পায়
 (e) তরলের উপর বায়ুর চাপ বৃদ্ধি পায়





29. হ্যালোজেন সমূহের ইলেকট্রন আসক্তির মান নিচের টেবিলে দেখানো হলো। কোনটি সর্বাপেক্ষা তড়িৎ ঋণাত্মক মৌল?

মৌল	Cl	Br	I	F
ইলেকট্রন আসক্তি ($-\Delta H, \text{KJ mol}^{-1}$)	-361	-340	-308	-347

(a) Br (b) F (c) I (d) Cl [Ans: b][KU'14-15]

30. পর্যায় সারণীর গ্রুপ VIIA মৌলসমূহের ভ্যান-ডার-ওয়ালস আকর্ষণ বলের বৃদ্ধির ক্রম কোনটি? [RU'13-14]

(a) $F_2 > Cl_2 > Br_2 > I_2$ (b) $Cl_2 > F_2 > Br_2 > I_2$ (c) $Br_2 > F_2 > Cl_2 > I_2$ (d) $I_2 > Br_2 > Cl_2 > F_2$

সমাধান: (d); আকার বৃদ্ধির সাথে ভ্যান-ডার-ওয়ালস আকর্ষণ বল বৃদ্ধি পায়।

Written

01. তড়িৎ ঋণাত্মকতা এবং ইলেকট্রন আসক্তির মধ্যে প্রধান পার্থক্য কী? [DU'20-21]

সমাধান: ইলেকট্রন আসক্তি হলো গ্যাসীয় অবস্থায় কোনো মৌলের এক মোল বিচ্ছিন্ন পরমাণুর প্রত্যেকে একটি করে

ইলেকট্রন যুক্ত করে এক মোল ঋণাত্মক আয়নে পরিণত হতে যে পরিমাণ শক্তি নির্গত হয়।

তড়িৎ ঋণাত্মকতা হলো কোনো সমযোজী যৌগের অণুতে দুটি ভিন্ন পরমাণুর মধ্যে শেয়ারকৃত ইলেকট্রন যুগলকে একটি পরমাণুর নিজের দিকে আকর্ষণ করার ক্ষমতা।

Question Type-04: মৌলের অক্সাইড ধর্ম, জলীয় ধর্ম

অক্সাইডের শ্রেণীবিভাগঃ

- অম্লীয় অক্সাইড (Acidic Oxide) :** অধাতুর যে সকল অক্সাইড পানির সাথে বিক্রিয়া করে এসিড ও ক্ষারের সাথে লবণ উৎপন্ন করে তাদেরকে অম্লীয় বা অম্লধর্মী অক্সাইড বলে। যেমন- $CO_2, SO_2, SO_3, NO_2, N_2O_5, P_2O_5$ ইত্যাদি।
- ক্ষারীয় অক্সাইড (Basic Oxide) :** ধাতুর যে সকল অক্সাইড এসিডের সঙ্গে বিক্রিয়া করে লবণ ও পানির সঙ্গে বিক্রিয়ায় ক্ষার উৎপন্ন করে তাদেরকে ক্ষারকীয় অক্সাইড বলা হয়। যেমন- $Na_2O, K_2O, CuO, FeO, CaO, MgO$ ইত্যাদি।
- নিরপেক্ষ অক্সাইড :** অধাতুর যে সকল অক্সাইড এসিড বা ক্ষারকের সঙ্গে বিক্রিয়া করেনা তথা এসিডীয় বা ক্ষারকীয় কোন ধর্মই প্রদর্শন করেনা তাদেরকে নিরপেক্ষ বা প্রশম অক্সাইড বলে। যেমন- H_2O, CO, N_2O, NO ইত্যাদি।
- উভধর্মী অক্সাইড :** ধাতুর যে সকল অক্সাইড এসিড বা ক্ষারক উভয়ের সঙ্গেই বিক্রিয়া করে লবণ ও পানি উৎপন্ন করে তাদেরকে উভধর্মী অক্সাইড বলে। যেমন- $ZnO, Al_2O_3, SnO_2, PbO, PbO_2$ ইত্যাদি।
- পার-অক্সাইড :** যে সকল অক্সাইডের অম্লীয় অথবা ক্ষারকীয় অক্সাইড অপেক্ষা অধিক পরিমাণে অক্সিজেন বর্তমান থাকে এবং লঘু শীতল খনিজ এসিডের সাথে বিক্রিয়া করে হাইড্রোজেন পার অক্সাইড উৎপন্ন করে তাদেরকে পার অক্সাইড বলে। যেমন- Na_2O_2, BaO_2 ইত্যাদি।
- পলি-অক্সাইড :** যে সকল অক্সাইডে অক্সিজেনের পরিমাণ স্বাভাবিক অক্সাইড অপেক্ষা বেশি থাকে কিন্তু লঘু এসিডের সাথে বিক্রিয়া করে হাইড্রোজেন পার অক্সাইড উৎপন্ন করেনা তাদেরকে পলি অক্সাইড বলে। যেমন- PbO_2, MnO_2 ইত্যাদি।
- সাব-অক্সাইড :** যে সকল অক্সাইডে অক্সিজেনের পরিমাণ স্বাভাবিক অক্সাইড অপেক্ষা কম থাকে তাদেরকে সাব-অক্সাইড বলে। লেড-সাব-অক্সাইড (Pb_2O)।
- সুপার অক্সাইড :** যে সকল অক্সাইডে পার অক্সাইড বা পলি অক্সাইড অপেক্ষাও অধিক পরিমাণে অক্সিজেন থাকে তাদেরকে সুপার অক্সাইড বলে। যেমন- পটাশিয়াম সুপার অক্সাইড (KO_2)।
- যুগ্ম বা মিশ্র অক্সাইড :** এমন কতকগুলো অক্সাইড আছে যাদেরকে একই মৌলের দুটি ভিন্ন জারণ অবস্থার দুটি সাধারণ অক্সাইডের মিশ্রণ হিসেবে গণ্য করা যায়, তাদেরকে যুগ্ম বা মিশ্র অক্সাইড বলে। যেমন- Fe_3O_4 (FeO ও Fe_2O_3 এর মিশ্রণ), Pb_3O_4 ($2PbO$ ও PbO_2 এর মিশ্রণ), Mn_3O_4 ($2MnO$ ও MnO_2 এর মিশ্রণ) ইত্যাদি।



**Related Questions:**

01. কোনটি উভধর্মী অক্সাইড? [GST'20-21]
 (a) Al_2O_3 (b) N_2O_5 (c) Na_2O (d) H_2O
 সমাধান: (a); Al_2O_3 ক্ষারের সাথে অম্লীয় ধর্ম প্রদর্শন করে ও অম্লের সাথে ক্ষারীয় ধর্ম প্রদর্শন করে।
 H_2O উভধর্মী পদার্থ যা এসিডের সাথে ক্ষার হিসেবে, ক্ষারের সাথে এসিড হিসেবে কাজ করে।
02. কোনটি অম্লীয় জলীয় দ্রবণ তৈরি করে? [DU'19-20]
 (a) Na_2O (b) ZnO (c) Al_2O_3 (d) CO_2
 সমাধান: (d); $CO_2 + H_2O \rightarrow H_2CO_3$
 (carbonic acid)
03. নিচের অক্সাইডগুলোর মধ্যে কোন জোড়টি সবচেয়ে বেশি অম্লধর্মী? [RU'19-20]
 (a) N_2O ও Mn_2O_3 (b) N_2O_3 ও MnO_2 (c) N_2O_4 ও Mn_2O_7 (d) NO ও Mn_2O_3
 সমাধান: (c); N_2O এবং NO নিরপেক্ষ অক্সাইড। N_2O_3 অপেক্ষা N_2O_4 এ N এর জারণ মান বেশি। আবার Mn_2O_7 এ Mn এর জারণ মান +7, যা সর্বোচ্চ। তাই N_2O_4 ও Mn_2O_7 হবে অম্লধর্মীতার বিচারে সর্বোৎকৃষ্ট।
04. কোনটি ক্ষারকীয় অক্সাইড? [Ans: b][JU'18-19]
 (a) N_2O_5 (b) Na_2O (c) H_2O (d) PbO_2
05. কোনটি অম্লীয় অক্সাইড নয়? [Ans: a][JU'18-19]
 (a) CO (b) CO_2 (c) NO_2 (d) SO_2
06. কোন গ্রুপের মৌল প্রশম অক্সাইড উৎপন্ন করতে পারে? [Ans: c][KU'18-19]
 (a) 2 ও 13 (b) 13 ও 14 (c) 14 ও 15 (d) 15 ও 17
 ব্যাখ্যা: CO, N_2O, NO ইত্যাদি প্রশম অক্সাইড।
07. কোনটি তীব্র ক্ষারধর্মী অক্সাইড? [Ans: b][BAU'18-19]
 (a) N_2O_5 (b) Na_2O (c) MgO (d) SiO_2
08. ক্ষার ধাতুর অক্সাইড ও হাইড্রোক্সাইডসমূহ- [Ans: a][JU'17-18]
 (a) তীব্র ক্ষারক (b) তীব্র অম্ল (c) মৃদু ক্ষার (d) মৃদু অম্ল
09. LiO_2 এর জলীয় দ্রবণ— [Ans: d][JU'14-15]
 (a) এসিডিক (b) ক্ষারীয় (c) উভয় ধর্মী (d) নিরপেক্ষ
10. Na_2O এর জলীয় দ্রবণ— [Ans: b][JU'14-15]
 (a) এসিডিক (b) ক্ষারীয় (c) উভয় ধর্মী (d) নিরপেক্ষ

Question Type-05: আয়নিক বন্ধন, সমযোজী বন্ধন, সন্নিবেশ বন্ধন, সন্নিবেশ সমযোজী বন্ধন, ধাতব বন্ধন ও বন্ধন ক্রম♦ আয়নিক বন্ধন

আয়নিক বন্ধন গঠনের তিনটি শর্ত:

- (i) প্রথম মৌলের অর্থাৎ ধাতুর নিম্ন আয়নীকরণ শক্তি।
- (ii) দ্বিতীয় মৌলের অর্থাৎ অধাতুর উচ্চ ইলেকট্রন আসক্তি।
- (iii) গঠিত আয়নিক যৌগের উচ্চ ল্যাটিশ শক্তি।





◆ আয়নিক বন্ধন গঠনের সীমাবদ্ধতা:

- আয়নিক বন্ধন শুধুমাত্র ধাতু ও অধাতুর মধ্যে সম্ভব।
- অধাতব মৌলের মধ্যে গ্রুপ VIIA এর হ্যালোজেন ও গ্রুপ VIA এর অক্সিজেন ও কোন কোন ক্ষেত্রে সালফার আয়নিক যৌগ গঠন করে।
- কোন রাসায়নিক বন্ধনই 100% আয়নিক হয় না।
- অনেক ধনাত্মক আয়নে অষ্টক নিয়মের ব্যতিক্রম দেখা যায়।

◆ আয়নিক যৌগের সাধারণ ধর্মাবলী:

- সকল আয়নিক যৌগ কঠিন অবস্থায় কেলাস বা স্ফটিকাকারে থাকে।
- বিভিন্ন আয়নিক যৌগের ইলেকট্রনিক গঠন অভিন্ন হলে কঠিন অবস্থায় এদের স্ফটিক গঠন একইরকম হয়।
- আয়নিক যৌগের গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক খুব বেশী। এরা অনুদ্বায়ী হয়।
- আয়নিক যৌগ পোলার দ্রাবকে দ্রবণীয় হলেও অপোলার দ্রাবকে অদ্রবণীয়।
- কঠিন অবস্থায় আয়নিক যৌগ বিদ্যুৎ অপরিবাহী কিন্তু গলিত অবস্থায় দ্রবণে বিদ্যুৎ পরিবহন করে।
- আয়নিক কেলাস বা স্ফটিকসমূহ ভঙ্গুর হয়।
- আয়নিক যৌগের মধ্যে বিক্রিয়ার গতি অত্যধিক দ্রুত হয়।
- রাসায়নিক বিক্রিয়ায় আয়নিক যৌগের আয়নসমূহ তাদের স্বকীয়তা বজায় রাখে।

◆ সমযোজী বন্ধন: সমযোজী বন্ধন গঠনের শর্তঃ

- দুটি অধাতুর মধ্যে সমযোজী বন্ধন ঘটে।
- উভয় অধাতব পরমাণু সমসংখ্যক ইলেকট্রন যোগান দিয়ে এক বা একাধিক ইলেকট্রন যুগল তৈরী করে তা সমভাবে শেয়ার করে।

◆ সমযোজী যৌগের সাধারণ ধর্মাবলীঃ

- কঠিন, তরল, বা গ্যাস হতে পারে। যেমন: চিনি কঠিন, পানি তরল, মিথেন গ্যাস।
- গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক অনেক কম ও তারা উদ্বায়ী। তবে আয়নিক ধর্ম বাড়ার সাথে সাথে গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক বাড়ে ও উদ্বায়িতা কমে।
যেমন- CH_4 এর গলনাঙ্ক -182°C ও স্ফুটনাঙ্ক 164°C
- সাধারণত পোলার দ্রাবকে অদ্রবণীয় ও অপোলার দ্রাবকে দ্রবণীয়। তবে কোন কোন সমযোজী যৌগে পোলারিটি বিদ্যমান থাকলে তা পোলার দ্রাবকে দ্রবণীয় হয়।
- সমযোজী যৌগে সমানুতা বিশেষত জৈব যৌগে দেখা যায়।
- সাধারণত বিদ্যুৎ অপরিবাহী।

◆ অষ্টক তত্ত্ব (Octet Rule):

বিজ্ঞানী লুইস ও কোজেল এর মতবাদ অনুসারে সমযোজী বন্ধন গঠনকালে পরমাণুর বহিঃস্থ শক্তিস্তরে নিষ্ক্রিয় গ্যাসের ইলেকট্রনীয় কাঠামো তথা আটটি ইলেকট্রন অর্জিত হয়ে থাকে। এ মতবাদকে অষ্টক তত্ত্ব বলে।

◆ অষ্টক মতবাদের ব্যতিক্রম: লুইস মতবাদের সীমাবদ্ধতাঃ

অসম্পূর্ণ অষ্টক বা অষ্টক সংকোচন: এক্ষেত্রে যৌগ গঠনের সময় কেন্দ্রীয় পরমাণুর যোজ্যতা স্তরে আটটির চেয়ে কম ইলেকট্রন অর্জিত হয়। $\text{BeCl}_2, \text{BF}_3, \text{AlCl}_3$ ।

◆ অষ্টক সম্প্রসারণ (Expansion of octet):

এক্ষেত্রে যৌগ গঠনের সময় কেন্দ্রীয় পরমাণুর যোজ্যতা স্তরে আটটির চেয়ে বেশি সংখ্যক ইলেকট্রন অর্জিত হয়। সাধারণত গ্রুপ VA, VIA এবং VIIA এর ক্ষেত্রে এরূপ ঘটে।

উদাহরণ: $\text{ClF}_3, \text{IF}_5, \text{IF}_7, \text{SF}_4, \text{SF}_6, \text{PCl}_5$ ।






- ◆ সমযোজী বন্ধন গঠন মতবাদঃ
- (i) যোজনী বন্ধন মতবাদ (Valence bond theory)
- (ii) আণবিক অরবিটাল মতবাদ (Molecular orbital theory)

বন্ধন ক্রম (Bond order) নির্ণয়ের সহজ কৌশল: বন্ধন ক্রম = $\frac{\text{অণুতে বিদ্যমান পরমাণুসমূহের বিজোড় ইলেকট্রন}}{2}$

সন্নিবেশ বন্ধন: একই পরমাণু কর্তৃক প্রদত্ত ইলেকট্রন যখন দুটি পরমাণু শেয়ার করে তখন তাদের মধ্যে সৃষ্ট বন্ধনকে সন্নিবেশ সমযোজী বন্ধন বা সন্নিবেশ বন্ধন বলে।

যে পরমাণু তার ইলেকট্রনযুগল এককভাবে সরবরাহ করে তাকে দাতা পরমাণু বলে এবং যে পরমাণু তা শেয়ার করে তাকে গ্রহীতা বলা হয়।

যৌগে বিভিন্ন বন্ধনের উপস্থিতিঃ অনেক যৌগে বিভিন্ন বন্ধন আছে। যেমন: NH_4Cl যৌগে তিন প্রকার বন্ধন আছে- (ক) সমযোজী বন্ধন (খ) সন্নিবেশ বন্ধন (গ) আয়নিক বন্ধন আছে। এ যৌগের NH_4^+ আয়নের তিনটি N-H বন্ধন সমযোজী ও একটি N→H বন্ধন সন্নিবেশ সমযোজী।




Related Questions:

01. হাইড্রোনিয়াম আয়নে কোন কোন বন্ধন বিদ্যমান?

[DU'20-21]

- | | |
|-----------------------------|-------------------------------|
| (a) আয়নিক ও সমযোজী বন্ধন | (b) আয়নিক ও সন্নিবেশ বন্ধন |
| (c) সমযোজী ও সন্নিবেশ বন্ধন | (d) আয়নিক ও হাইড্রোজেন বন্ধন |

সমাধান: (c);



02. কোন ধরনের বন্ধন এর শক্তি মাত্রা বেশি?

[Ans: a][JU'19-20]

- | | | | |
|------------|------------|----------|----------------|
| (a) আয়নিক | (b) সমযোজী | (c) ধাতব | (d) হাইড্রোজেন |
|------------|------------|----------|----------------|

03. Al_2Cl_6 অণুটিতে সমযোজী ও সন্নিবেশ সমযোজী বন্ধনের সংখ্যা যথাক্রমে কয়টি?

[DU'18-19]

- | | | | |
|----------|----------|----------|----------|
| (a) 6, 2 | (b) 6, 1 | (c) 8, 0 | (d) 7, 0 |
|----------|----------|----------|----------|

সমাধান: (a); $\begin{array}{c} \text{Cl} \backslash \text{Al} / \text{Cl} \\ / \quad \backslash \\ \text{Cl} \quad \text{Al} \quad \text{Cl} \\ \backslash \quad / \\ \text{Cl} \end{array}$

04. CCl_4 সমযোজী যৌগ কারণ-

[Ans: c][JU'18-19]

- (i) উপাদান মৌলগুলো ইলেকট্রন শেয়ার দ্বারা বন্ধন গঠন করে
 - (ii) পোলারায়ণের কারণে সমযোজী বৈশিষ্ট্যের উদ্ভব হয়
 - (iii) যৌগটি দু'টি অধাতুর সমন্বয়ে গঠিত
- নিচের কোনটি সঠিক?

- | | | | |
|------------|--------------|-------------|-----------------|
| (a) i & ii | (b) ii & iii | (c) i & iii | (d) i, ii & iii |
|------------|--------------|-------------|-----------------|

05. $[\text{Co}(\text{NH}_3)_4(\text{H}_2\text{O})_2]\text{Cl}_3$ জটিল যৌগটিতে অবস্থান্তর ধাতুটির সন্নিবেশ সংখ্যাটি কত?

[Ans: c][DU'17-18]

- | | | | |
|-------|-------|-------|-------|
| (a) 3 | (b) 4 | (c) 6 | (d) 2 |
|-------|-------|-------|-------|





06. সর্বাধিক আয়নিক প্রকৃতির যৌগ— [Ans: c] [RU'17-18]
 (a) $AlCl_3$ (b) $FeCl_3$ (c) $CaCl_2$ (d) MgI_2
07. NH_4Cl যৌগে কোন প্রকারের বন্ধন আছে? [RU'15-16]
 (a) আয়নিক (b) সমযোজী (c) সন্নিবেশ (d) সবগুলোই
- সমাধান: (d); $\left[\begin{array}{c} H \\ | \\ H - \overset{+}{N} - H \\ | \\ H \end{array} \right] Cl^-$
08. $[Cu(NH_3)_4(H_2O)_2]^{2+}$ যৌগটিতে Cu এবং O এর মধ্যে বিদ্যমান বন্ধন হচ্ছে— [Ans: a][CU'15-16]
